দর্শনায় ফেনসিডিলসহ পরানপুরের রনি গ্রেফতার

দর্শনা থানা পুলিশ মাদক বিরোধেী অভিযান চালিয়ে ২০ বোতল ভারতীয় ফেনসিডিলসহ রাফিজ হোসেন ওরফে রনি (২৬)কে গ্রেফতার করেছে। সে দর্শনা পৌরসভার পরানপুর গ্রামের ইউনুচ আলীর ছেলে।

আজ বুধবার রাত সাড়ে ৭ টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ বিপ্লব কুমার সাহার নেতৃত্বে অভিযান চালায় দর্শনা কাষ্টমস গেটের সামনে। এ সময় দর্শনা থানার এসআই সুজন আলী, এএসআই মামুনুর রহমান, এএসআই মারুফুল ইসলাম গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে মোটরসাইকেলসহ ২০ বোতল ফেনসিডিল উদ্ধার করে।

এ ঘটনায় দর্শনা থানার এস আই সুজন বাদি হয়ে গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে দর্শনা থানায় মামলা রুজু করেছে।

আজ বুধবার তাকে মাদক আইনে মামলাসহ চুয়াডাঙ্গা কোর্ট হাজতে প্রেরন করেছে।

আলমডাঙ্গায় নারী মাদক বিক্রেতার ১ বছরের কারাদণ্ড

আলমডাঙ্গার বেলগাছি বাগান-পাড়া গ্রামে পারভিনা খাতুন (৩৯) নামের এক মাদক বিক্রেতাকে ১ বছরের কারাদণ্ড দিয়েছেন ভ্রাম্যমাণ আদালত। আজ বুধবার বিকেলে উপজেলা সহকারী কমিশনার (ভূমি) রেজওয়ানা নাহিদ এ কারাদণ্ড দেন।

দণ্ডপ্রাপ্ত পারভিনা খাতুন উপজেলার বেলগাছি বাগানপাড়ার আবুল হোসেনের স্ত্রী।

জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়ের উপ-পরিদর্শক শরিয়তুল্লাহ জানান, উপজেলার বেলগাছি বাগানপাড়া গ্রামে মাদক বেচাকেনা হচ্ছে-

এমন গোপন সংবাদের ভিত্তিতে ওই এলাকায় অভিযান চালানো হয়। এ সময় সেখান থেকে ৫০০ গ্রাম গাঁজাসহ পারভিনা খাতুনকে আটক করা হয়।

পরে তাকে ভ্রাম্যমাণ আদালতে হাজির করা হলে উপজেলা নির্বাহী সহকারী কমিশনার (ভূমি) রেজওয়ানা নাহিদ ১ বছরের বিনাশ্রম কারাদণ্ড দেন।

চুয়াডাঙ্গায় খালা শাশুড়ী হত্যা মামলায় একজনের যাবজ্জীবন কারাদণ্ড

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলায় কলাবাড়ি দক্ষিণ পাড়ায় খালা শাশুড়ী শাহিদা খাতুন (৪৫) হত্যা মামলায় রবিউল ইসলাম নামের একজনকে যাবজ্জীবন কারাদন্ড দিয়েছেন আদালত। একই সাথে ২০ হাজার টাকা জরিমানা অনাদায়ে আরো ৬ মাসের সশ্রম কারাদন্ড প্রদান করা হয়।

আজ বুধবার দুপুর তিনটার দিকে চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা ও দায়রা জজ দ্বিতীয় আদালতের বিচারক মোহাম্মদ মাসুদ আলী আসামীর উপস্থিতিতে ওই রায় দেন। নিহত শাহিদা খাতুন রনি চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার কলাবাড়ি দক্ষিন পাড়ার রেজাউল ইসলামের স্ত্রী।

মামলা সূত্রে জানা গেছে, ২০০৯ সালের ৬ এপ্রিল রাত আনুমানিক সাড়ে ১২ দিকে পূর্ব শত্রুতার জের ধরে আসামী রবিউল ইসলাম শাহিদা খাতুনকে ধারালো অস্ত্র দিয়ে এলোপাতাড়ি কুপিয়ে আহত করে। পরে স্বজনরা শাহিদা খাতুনকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপালতালে নিলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষনা করেন। এঘটনায় নিহতের ভাই হাফেজ আ: মতিন বাদী হয়ে ওই দিন সকালে রবিউল ইসলামকে একমাত্র আসামী করে চুয়াডাঙ্গার দামুড়হুদায় একটি হত্যা মামলা দায়ের করেন।

মামলাটি গভীর তদন্ত শেষে একই বছর ৪ জুলাই একমাত্র রবিউল ইসলাকে আসামী করে আদালতে চূড়ান্ত প্রতিবেদন দাখিল করেন মামলার তদন্তকারী কর্মকর্তা দামুড়হুদা থানার উপ-পরির্দশক তবারক আলী। পরে ১৩ জনের

মধ্যে ১১ জনের স্বাক্ষ্য গ্রহণ শেষে আজ দুপুরে ওই রায় দেন বিচারক। যাবজ্জীবন কারাদন্ডপ্রাপ্ত আসামী রবিউল ইসলাম একই গ্রামের আজিজুল মন্ডলের ছেলে।

মেহেরপুরে মাদক সেবন করে মাতলামি, তিনজনকে জেল

মেহেরপুর সদর উপজেলার বামনপাড়া এলাকায় ভ্রাম্যমান আদালত পরিচালনা করে তিন মাদক সেবিকে ১ মাসের করে কারাদণ্ড ও ১০০ টাকা করে অর্থদণ্ড করেছে মোবাইল কোর্ট।

দণ্ডিতরা হলেন, বামনপাড়া গ্রামের মধু খাঁর ছেলে আব্দুল গফুর, একই গ্রামের মনিরুল ইসলামের ছেলে সাইফুল ইসলাম ও আমদহ গ্রামের কাওছার আলীর ছেলে সুজন মিয়া।

বুধবার (১৩ সেপ্টেম্বর) দুপুরের দিকে মেহেরপুর সদর উপজেলার বামনপাড়া গ্রামে এ মোবাইল কোর্ট পরিচালনা করেন মেহেরপুর জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিস্ট্রেট রিফাত জাহান।

এর আগে মেহেরপুর জেলা প্রশাসনের সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট রিফাত জাহানের নেতৃত্বে মেহেরপুর জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সদস্যরা ওই তিনজনকে মাদক সেবন করে মাতলামি করা অবস্থায় আটক করেন। পরে মোবাইল কোর্টে বসিয়ে তাদের এ সাজা দেওয়া হয়।

জেলা প্রশাসনের সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট রিফাত জাহান এই তথ্য নিশ্চিত করেছেন। দণ্ডিতদের সাথে সাথে জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

সাংবাদিকদের নিজস্ব পরিচয় তৈরিতে প্রেস কাউন্সিল কাজ করছে

“সাংবাদিকদের মান উন্নয়নের জন্য প্রেস কাউন্সিল বেশ কিছু উদ্যোগ গ্রহণ করেছে। প্রধানমন্ত্রীর নির্দেশে সারাদেশে সাংবাদিকদের ডাটাবেইস তৈরি কাজ চলছে। ইতিমধ্যে ৩২টি জেলা থেকে সাংবাদিকদের তালিকা পেয়েছি, সেগুলো যাচাই বাছাইয়ের কাজ চলছে। আশা করছি দ্রুত বাকি জেলাগুলো থেকেও আমরা তালিকা পেয়ে যাব। একই ভাবে আমরা সকল মিডিয়া হাউসগুলো থেকেও সাংবাদিকদের তালিকা চেয়েছি। যাতে করে সাংবাদিকদের নিজস্ব একটা পরিচয় তৈরি হয়।”

আজ বুধবার মেহেরপুর সার্কিট হাউস মিলনায়তনে “গণমাধ্যমে হলুদ সাংবাদিকতা ও বস্তুনিষ্ঠ সাংবাদিকতা” শীর্ষক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন বাংলাদেশ প্রেস কাউন্সিলের চেয়ারম্যান বিচারপতি নিজামুল হক নাসিম।

বিচারপতি নিজামুল হক নাসিম বলেন, “জাতীর জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান প্রেস কাউন্সিল গঠণ করেছিলেন। তিনি সাংবাদিকবান্ধব ছিলেন, তিনি চাইতেন না কোন সাংবাদিকের হাতে যেন হাতকড়া না পড়ে। তিনি বলতেন, একজন সাংবাদিক সমাজের যে কোন শ্রেণীর থেকে উচ্চতর শ্রেণীর। ওই সময় ম্যাজিষ্ট্রেটদের থেকে সাংবাদিকদের বেতন বেশি ছিলো।”

চেয়ারম্যান বলেন, “প্রেস কাউন্সিলে নতুন কেউ তালিকাভুক্ত সাংবাদিক হতে চাইলে তাকে স্নাতক পাশ হতে হবে। তবে কারো যদি সাংবাদিকতায় ৫ বছরের অভিজ্ঞতা থাকে সেক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিল থাকবে।

মিডিয়া হাউসগুলো যাতে করে ওয়েজবোর্ড মেনে সাংবাদিকদের বেতন-ভাতা দেয় সে ব্যাপারে আমরা তাদের বলেছি এবং একই সঙ্গে তারা যদি এ নির্দেশনা না মানে তাহলে তাদের সুবিধাদি বন্ধ করার জন্য সরকারকেও আহবান জানিয়েছি। আমরা আশা করছি ক্রমে এগুলো বাস্তবায়ন হবে।”

প্রেস কাউন্সিল আইন সম্পর্কে তিনি বলেন, “আমরা কিছু সংশোধনী নিয়ে এসেছি। খুব শিঘ্রই সংসদে এ আইন পাশ হবে। বিদ্যামান আইনে ১০

লাখ টাকা জরিমানার বদলে ৫ লাখ টাকা করা হয়েছে।”

মেহেরপুরের অতিরিক্ত জেলা ম্যাজিষ্ট্রেট মুঃ তানভীর হাসান রুমানের সভাপতিত্বে মূল প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ প্রেস কাউন্সিলের সচিব শ্যামল চন্দ্র কর্মকার। স্বাগত বক্তব্যে দেন, জেলা তথ্য কর্মকর্তা আব্দুল্লাহ আল মামুন।

সাংবাদিকদের মধ্যে বক্তব্য দেন কালের কণ্ঠ প্রতিনিধি ইয়াদুল মোমিন, চ্যানেল ২৪ প্রতিনিধি রাশেদুজ্জামান, আরটিভি প্রতিনিধি মাজেদুল হক মানিক, সময় টিভি প্রতিনিধি বেন ইয়ামিন মুক্ত। সেমিনার জেলায় বিভিন্ন গণমাধ্যমে কর্মরত ৬০ জন সাংবাদিক অংশ নেন।

গাংনী ও মুজিবনগরে ৪ আসামি গ্রেফতার

গাংনী ও মুজিবনগর থানা পুলিশের ১২ ঘন্টার নিয়মিত অভিযানে বিভিন্ন মামলার ৪ আসামি গ্রেফতার হয়েছে।

এদের মধ্যে গরু চোর সন্দেহে গাংনী থানা পুলিশের অভিযানে ৩ আসামি ও মুজিবনগর থানা পুলিশের অভিযানে নিয়মিত মামলার ১ আসামি গ্রেফতার হয়েছে।

গতকাল মঙ্গলবার দিবাগত রাতে পুলিশ পৃথক অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো: আব্দুর রাজ্জাক ও মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেলের নেতৃত্বে পুলিশ অভিযান চালান। সংশ্লিষ্ট থানার জরুরী বিভাগ এই তথ্য নিশ্চিত করেন।

গ্রেফতারকৃতদের আজ বুধবার (১৩ সেপ্টেম্বর) দুুপুরের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

নতুন প্রধান বিচারপতি ওবায়দুল হাসান

সুপ্রিম কোর্টের আপিল বিভাগের জ্যেষ্ঠ বিচারপতি ওবায়দুল হাসানকে দেশের ২৪তম প্রধান বিচারপতি হিসেবে নিয়োগ দেওয়া হয়েছে। আজ মঙ্গলবার রাষ্ট্রপতির আদেশক্রমে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সচিব মো. গোলাম সারওয়ার স্বাক্ষরিত প্রজ্ঞাপনে তাকে এ পদে নিয়োগ দেওয়া হয়। তিনি সদ্য সাবেক প্রধান বিচারপতি হাসান ফয়েজ সিদ্দিকীর স্থলাভিষিক্ত হচ্ছেন।

প্রজ্ঞাপনে বলা হয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৯৫(১) অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, বাংলাদেশ সুপ্রিম কোর্ট, আপিল বিভাগের বিচারপতি ওবায়দুল হাসানকে প্রধান বিচারপতি নিয়োগ করেছেন। এই নিয়োগ শপথগ্রহণের তারিখ থেকে কার্যকর হবে।

এর আগে গতকাল সোমবার ওবায়দুল হাসানকে ভারপ্রাপ্ত বিচারপতি হিসেবে নিয়োগ দেওয়া হয়।

বিচারপতি ওবায়দুল হাসান ১৯৫৯ সালের ১১ জানুয়ারি নেত্রকোনার মোহনগঞ্জে জন্মগ্রহণ করেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে বিএসএস, এমএসএস ও এলএলবি ডিগ্রি অর্জন করেন।

বর্ণাঢ্য ক্যারিয়ারের মধ্যে ১৯৮৬ সালে জেলা আদালতে আইনজীবী হিসেবে তালিকাভুক্ত হন ওবায়দুল হাসান। এরপর ১৯৮৮ সালে হাইকোর্ট বিভাগে এবং ২০০৫ সালে আপিল বিভাগের আইনজীবী হিসেবে তালিকাভুক্ত হন। তিনি ২০০৯ সালে হাইকোর্ট বিভাগে অতিরিক্ত বিচারপতি হিসেবে নিয়োগ পান; এর দুই বছর পর ২০১১ সালে একই পদে স্থায়ী হন। একাত্তরে মানবতাবিরোধী অপরাধের বিচারে গঠিত আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-২ এ ২০১২ সালের ২৩ মার্চ তিনি সদস্য হিসেবে যোগ দেন। একই বছরের ১৩ ডিসেম্বর তিনি এ ট্রাইব্যুনালের চেয়ারম্যান হিসেবে নিযুক্ত হয়ে ২০১৫ সালের ১৫ সেপ্টেম্বর পর্যন্ত সেখানে দায়িত্ব পালন করেন। বিচারপতি ওবায়দুল হাসান ২০২০ সালের ৩ সেপ্টেম্বর আপিল বিভাগের বিচারপতি হিসেবে নিযুক্ত হন।

চুয়াডাঙ্গায় মৃত্যুদন্ডপ্রাপ্ত পলাতক আসামি গ্রেফতার

চুয়াডাঙ্গায় হত্যা মামলার মৃত্যুদন্ডপ্রাপ্ত পলাতক আসামি গ্রেফতার করেছে চুয়াডাঙ্গা সদর থানা পুলিশ।

আজ মঙ্গলবার দুপুরের দিকে এই হত্যা মামলার আসামি ফজলু রহমান ফজলু(৪৫) কে তার শ্বশুর বাড়ি থেকে গ্রেফতার করা হয়।

চুয়াডাঙ্গা পুলিশ সুপার আব্দুল্লাহ্ আল-মামুনের সার্বিক দিকনির্দেশনায় জেলার সকল থানা এলাকায় মাদক বিরোধী, ওয়ারেন্ট তামিলসহ বিভিন্ন অভিযান পরিচালিত হচ্ছে। তারই ধারাবাহিকতায় চুয়াডাঙ্গা বিজ্ঞ আদালত থেকে চুয়াডাঙ্গার সদর থানায় গ্রেফতারী পরোয়ানা প্রাপ্তির এই আসামি।

চুয়াডাঙ্গা সদর থানার অফিসার ইনচার্জ মাহাব্বুর রহমানের নেতৃত্বে এসআই(নিঃ) মাসুদ রানার সঙ্গীয় অফিসার এএসআই(নিঃ) আরাফাত শেখ তার সঙ্গীয় ফোর্সসহ আজ মঙ্গলবার চুয়াডাঙ্গা সদর পৌর হকপাড়া এলাকায় অভিযান পরিচালনা করেন। অভিযানে মৃত্যুদন্ডে দন্ডপ্রাপ্ত ওয়ারেন্টভুক্ত পলাতক আসামী চুয়াডাঙ্গার সদর হকপাড়ার ফজলুর রহমান ফজলু(৪৫) তার শ্বশুর সাহেব আলীর বাড়ী থেকে এই আসামিকে গ্রেফতার করা হয়। গ্রেফতারকৃত আসামিকে চুয়াডাঙ্গা বিজ্ঞ আদালতে সোর্পদ করা হয়েছে।

গাংনীর নওপাড়াতে হেরোইন সহ মাদক ব্যবসায়ী আটক

গাংনীর নওপাড়াতে ৩ গ্রাম হেরোইন সহ মাদক ব্যবসায়ীকে আটক করেছে

ধলা পুলিশ ক্যাম্প। আজ মঙ্গলবার সকালে আটকের বিষয়টি নিশ্চিত করেছেন ধলা পুলিশ ক্যাম্পের ইনচার্জ (এসআই) তৈৗহিদুল ইসলাম।

আজ মঙ্গলবার সকালে নওপাড়াতে ধলা পুলিশ ক্যাম্পের ইনচার্জ (এসআই) তৈৗহিদুল ইসলামের নেতৃত্বে এ এস আই কালাম সহ সঙ্গিও ফোর্স নিয়ে অভিযান চালিয়ে তাকে আটক করা হয়। আটক কৃত হলেন, নওপাড়া গ্রামের মোঃ মোফাজ্জেল হকের ছেলে কামরুজ্জামান (কাবু) (৩০) কে আটক করা হয়।

সে চিহ্নিত মাদক ব্যবসায়ী বলে জানিয়েছে পুলিশ। পুলিশ জানায়, প্রকাশ্যে হেরোইন বিক্রি করছে এমন গোপন সংবাদের ভিত্তিতে নওপাড়া বিল পাড়াতে পাকুড় তলাতে অভিযান পরিচালনা করা হয়। এসময় পুলিশের উপস্থিতি টের পেয়ে পালানোর চেষ্টাকালে তাকে আটক করে, দেহ তল্লাশি করে ৩ গ্রাম হেরোইন উদ্ধার করা হয়।

ধলা পুলিশ ক্যাম্পের ইনচার্জ (এসআই) তৈৗহিদুল ইসলাম জানান, মাদক বিক্রির সময় হাতে নাতে তাকে আটক করা হয়েছে। তাদের বিরুদ্ধে গাংনী থানাতে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করে আদালতে প্রেরণ করা হয়েছে।

জীবননগর উপজেলা সরকারি কর্মকর্তাদের সাথে ডিসির মতবিনিময়

চুয়াডাঙ্গার নবাগত জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমার সঙ্গে মতবিনিময় করছেন জীবননগর উপজেলার সরকারি কর্মকর্তা, বীর মুক্তিযোদ্ধা, রাজনৈতিক নেতা ও সাংবাদিকেরা।

আজ মঙ্গলবার বিকেলে জীবননগর উপজেলা পরিষদের সভাকক্ষে এ মতবিনিময় সভার আয়োজন করা হয়।
সভায় উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী মোঃহাফিজুর রহমান বলেন, দৌলৎগঞ্জ-মাজদিয়া স্থলবন্দর ১৯৬৫ সাল পর্যন্ত চালু ছিল।

কর্মকর্তারা ১৯৭৫ সাল পর্যন্ত এ স্থলবন্দরের নামে বেতন পেয়েছেন। স্থলবন্দরটি সঙ্গে ভারতীয় দূরত্ব বাংলাদেশের যেকোনো স্থলবন্দরের থেকে কম।

জীবননগর উপজেলা নিবাহী অফিসার হাসিনা মমতাজের সভাপতিত্বে সভায় প্রধান অতিথির বক্তব্যে জেলা প্রশাসক কিসিঞ্জার চাকমা বলেন, চুয়াডাঙ্গা একটি সম্ভবনাময় জেলা। আমি জীবননগরসহ চুয়াডাঙ্গার চার উপজেলাকে সন্তানের মতো দেখি। আমি জীবননগরে আসার আগে ইউএনওকে দৌলৎগঞ্জ-মাজদিয়া স্থলবন্দরের বিষয়ে সরেজমিনে প্রতিবেদন দিতে বলেছিলাম। ইতিমধ্যে প্রতিবেদন পেয়েছি। আমি দৌলৎগঞ্জ-মাজদিয়া স্থলবন্দর চালুর বিষয়ে উর্ধতন কতৃপক্ষের সঙ্গে আলোচনা করব। তবে এ বিষয়ে আমাদের বন্ধু রাস্ট্র ভারতের আগ্রহ কেমন সেটি জানতে হবে।

সভায় বিশেষ অতিথি ছিলেন জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান মো. হাফিজুর রহমান, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আব্দুস সালাম ঈসা, মহিলা ভাইস চেয়ারম্যান আয়েশা সুলতানা লাকী, জীবননগর উপজেলার সহকারী কমিশনার ভুমি তিথি মিত্, জীবননগর উপজেলা আওয়ামী লীগের সাবেক সভাপতি গোলাম মোর্তুজা, উপজেলা আওয়ামী লীগের সভাপতি নজরুল ইসলাম, সাধারণ মানুষের আবু মো. আব্দুল লতিফ অমল।

এ ছাড়া উপস্থিত ছিলেন ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও বিভিন্ন সরকারি দপ্তরের প্রধানরা।